

একই স্মারক ও তারিখের প্রতিস্থাপক
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়
ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা।

পত্র নং- ৫৮.০৪.২৬০০.০৬১.০১.০০১.২০২১-১৯৫

তারিখ ২৪ আষাঢ় ১৪২৮
০৮ জুলাই ২০২১

বিষয়ঃ মোবাইল ও মাদকদ্রব্য উদ্ধার প্রসংগে।


ইদানীং বিভিন্ন কারাগার থেকে মাদকদ্রব্য ও অবৈধ মোবাইল উদ্ধার হচ্ছে যা প্রশংসনীয় কিন্তু মাদকদ্রব্য ও অবৈধ মোবাইল সরবরাহের রুট বা সরবরাহ লাইন বন্ধ করতে না পারলে উক্ত উদ্ধার অভিযান পরিপূর্ণভাবে সফল হবে না। সরবরাহ লাইন বন্ধ করতে হলে কারাগারের প্রধান ফটকে তল্লাশী জোরদার করতে হবে এবং তল্লাশী কার্যক্রমে অপেক্ষাকৃত সৎ ও দক্ষ প্রধান কারারক্ষি/সহকারী প্রধান কারারক্ষি/কারারক্ষিদের পালাক্রমে দায়িত্ব দিতে হবে। উপর্যুক্ত বিষয়ে সফলতা পাওয়ার লক্ষ্যে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে বলা হলোঃ

- ১। প্রধান ফটকে তল্লাশী জোরদার করা এবং তল্লাশী কার্যক্রম পরিচালনার জন্য সৎ ও দক্ষ গার্ডিং স্টাফদের সমন্বয়ে তল্লাশী টিম গঠন করা;
- ২। কারাগারের প্রধান ফটকসহ সকল গুরুত্বপূর্ণ পয়েন্টের সিসি ক্যামেরা সচল রাখা এবং যথাযথভাবে মনিটরিং এর ব্যবস্থা করা;
- ৩। সিসি ফুটেজ রেকর্ড কমপক্ষে ৯০ দিনের জন্য সংরক্ষণ রাখার ব্যবস্থা নেয়া;
- ৪। সিনিয়র জেল সুপার/জেল সুপার ও জেলার কর্তৃক গভীর রাত্রে কারাভ্যন্তরে এবং বাহির হাসপাতালে আকস্মিক তল্লাশি ও পরিফ্রমা করা;
- ৫। যে সকল গার্ডিং স্টাফগণ কারাভ্যন্তরে ও বাহির হাসপাতালে দায়িত্ব পালনকালে বন্দিদেরকে নিষিদ্ধ দ্রব্যাদি সরবরাহ করে তাদেরকে সনাক্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;
- ৬। নিয়মিত স্টাফ দরবার/রোলকালে মাদক, মোবাইল ফোনসহ সকল নিষিদ্ধদ্রব্য নিয়ে কারাভ্যন্তরে প্রবেশ করার কুফল নিয়ে গার্ডিং স্টাফদের মোটিভেট করা;
- ৭। বিজ্ঞ আদালতে গমনা-গমনের সময় সকল বন্দিদেরকে (শ্রেণীপ্রাপ্ত বন্দিসহ) তল্লাসী জোরদার করা;
- ৮। প্রতি দফা ডিউটি গমনের সময় গার্ডিং স্টাফদেরকে একজন অফিসারের সামনে তল্লাশির ব্যবস্থা গ্রহণ করা;
- ৯। গার্ডিং স্টাফ ও বন্দিদের তল্লাশি ও নজরদারির জন্য মেটাল ডিটেক্টর, বডি স্ক্যানার, লাগেজ স্ক্যানার, সিসিটিভি, মোবাইল জ্যামার ইত্যাদি নিরাপত্তা যন্ত্রপাতির সচল ব্যবহার নিশ্চিত করা;
- ১০। সকল দুর্ধর্ষ ও বিশেষ শ্রেণীর বন্দিদের উপর নজরদারী বৃদ্ধি করা;
- ১১। নিষিদ্ধ দ্রব্যাদি উদ্ধারের বিষয়ে PIU সদস্যদের সহযোগিতা গ্রহণ করা।

সিনিয়র জেলা সুপার/জেল সুপার
বিভাগস্থ সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ১। কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।
- ২। দপ্তর কপি।


মোহাম্মদ তৌহিদুল ইসলাম
বিজে-০১৭৫০২০০৩০১
কারা উপ মহাপরিদর্শক
ফোন-০২৫৭৩০০২৬৬ (দপ্তর)



কারা উপ-মহাপরিদর্শকের দপ্তর, ঢাকা।	
কাঃ উঃ মঃ পঃ	৫৫
ডকেট নং	৩১৪০
তারিখ	২৮/০৭/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা - ১২১১
www.prison.gov.bd



পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০২১- ৪২৭

তারিখ : ৩১ আষাঢ় ১৪২৭
২৫ জুলাই ২০২১


বিষয় : বর্তমান করোনা পরিস্থিতিতে বন্দিদের টেলিফোনে কথা বলা প্রসঙ্গে।

বরাহত: (ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, কারা-১ শাখার স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.১৮.১৬৫ তারিখ: ৪/৪/২০২১
(খ) কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০৪৬.২১-৫৭৭(১০২) তারিখ: ৫/৪/২০২১

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারা দেশে করোনা সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় বন্দিদের সাথে তাদের পরিবারের দেখা সাক্ষাৎ বন্ধ করা হয় এবং তার পরিবর্তে সপ্তাহে একবার সর্বোচ্চ ১০ (দশ) মিনিট কথা বলার জন্য বরাতোক্ত 'খ' পত্রের মাধ্যমে সকল কেন্দ্রীয়/জেলা কারাগারকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় অসাধু কারা কর্মকর্তা/কর্মচারী তাদের ব্যক্তি স্বার্থ হাসিলের লক্ষ্যে উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে খেয়ালখুশিমত বন্দিদের সাথে তাদের পরিবারের টেলিফোনে কথা বলার সুযোগ করে দিচ্ছে। যা নিয়ম-নীতির পরিপন্থি এবং সৃষ্ট কারা প্রশাসনের অন্তরায়।

অতএব, বরাতোক্ত স্মারক/পত্রের নির্দেশনার আলোকে কারা বন্দিদের সাথে তাদের পরিবারের সপ্তাহে একবার সর্বোচ্চ ১০ (দশ) মিনিট কথা বলার ব্যবস্থা নিশ্চিত করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কারা বন্দিদের সাথে তাদের পরিবারের টেলিফোনে কথা বলার ব্যবস্থা করা হলে দায়ী ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোঃ আবরার হোসেন
কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন:৫৭৩০০৪৪৪ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে


১. কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ;
২. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;
৩. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
৪. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
৫. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা;
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা;
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৮. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৯. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা; বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০. গার্ড ফাইল।

বিভাগীয় দপ্তর, ঢাকা

পত্র নং- ৫৮.০৪.২৬০০.০৬১.০১.০০১.২১- ২০০

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪২৮
১৮ জুলাই ২০২১

কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২১-৪২৭ তারিখঃ ১৫-০৭-২০২১ এর অনুলিপি অবগতি ও পত্রের নির্দেশনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। উল্লেখ্য যে, বরাতোক্ত পত্রের নির্দেশনা কোনরূপ ব্যত্যয় না ঘটিয়ে যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো।



মোহাম্মদ তৌহিদুল ইসলাম
বিজে-০১৭৫০২০০৩০১
কারা উপ মহাপরিদর্শক

ফোনঃ ০২-৫৭৩০০২৬৬ (দপ্তর)



সিনিয়র জেল সুপার/জেল সুপার
বিভাগস্থ সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।